

# বাংলাদেশ সুপ্রীম কোর্ট হাইকোর্ট বিভাগ

(২০২২ইং সনের ২০০নং গঠনবিধি)

আমি এতদ্বারা নির্দেশ করিতেছি যে, আগামী ১২ই জুন, ২০২২খ্রিৎ তারিখ রোজ রবিবার সকাল ১০:৩০ মিনিট হইতে হাইকোর্ট বিভাগের বিচারকার্য পরিচালনার জন্য নিম্নে উল্লেখিত বেঁধও সমূহ গঠন করা হইলঃ

## ১। বিচারপতি সহিদুল করিম

এবং

### বিচারপতি মোঃ আখতারুজ্জামান

একত্রে ডিভিশন বেঁধে বসিবেন এবং দুর্নীতি দমন কমিশন আইন ও মানি লভারিং আইনের অধীন বিষয়াদি ব্যতীত ডিভিশন বেঁধে গ্রহণযোগ্য ফৌজদারী মোশন এবং মামলার সন ও নাম্বারের ধারাবাহিকতা অনুসরণ করিয়া অগ্রাধিকার ভিত্তিতে মৃত্যুদণ্ডাদেশ কনফারমেশনের রেফারেন্স এবং একই রায় হইতে উত্তৃত সকল ফৌজদারী আপীল ও জেল আপীল এবং উক্ত রায় হইতে উত্তৃত ফৌজদারী আপীল ও জেল আপীল মঞ্জুরীর আবেদনপত্র এবং ফৌজদারী বিবিধ যদি থাকে; ফৌজদারী মঞ্জুরীকৃত আপীল এবং তৎসংগ্রান্ত রুল, আবেদনপত্র গ্রহণ ও শুনানী করিবেন।

উল্লেখ্য যে, সপ্তাহে দুই দিন (রবিবার ও সোমবার মোশন) এবং সপ্তাহে তিন দিন (মঙ্গলবার, বুধবার ও বৃহস্পতিবার) মৃত্যুদণ্ডাদেশ কনফারমেশনের রেফারেন্স সংগ্রান্ত বিষয় সমূহ নিষ্পত্তি করিবেন।

## ২। বিচারপতি মোঃ জাহাঙ্গীর হোসেন

এবং

### বিচারপতি মোঃ কামরুল হোসেন মোল্লা

একত্রে ডিভিশন বেঁধে বসিবেন এবং দুর্নীতি দমন কমিশন আইন ও মানি লভারিং আইনের অধীন বিষয়াদি ব্যতীত ডিভিশন বেঁধে গ্রহণযোগ্য ফৌজদারী মোশন এবং শুনানীর জন্য ৪৯৮ এবং ৫৬১এ ধারা মোতাবেক ফৌজদারী বিবিধ মোকদ্দমাসমূহ; ৪৩৯ ধারা মোতাবেক ফৌজদারী রিভিশন মোকদ্দমা ও তৎসংগ্রান্ত আবেদনপত্র গ্রহণ এবং শুনানী করিবেন।

উল্লেখ্য যে, সপ্তাহে দুই দিন (রবিবার ও সোমবার মোশন) এবং সপ্তাহে তিন দিন (মঙ্গলবার, বুধবার ও বৃহস্পতিবার উপরোক্তিত ধারা সমূহের অধীন বিষয় সমূহ নিষ্পত্তি করিবেন)

স্বাক্ষর  
প্রধান বিচারপতি

বাংলাদেশ

তারিখঃ ৮ই জুন ২০২২ইং।

#### প্রচারের জন্যঃ

১। বিচারপতি সহিদুল করিম

২। বিচারপতি মোঃ জাহাঙ্গীর হোসেন

৩। বিচারপতি মোঃ কামরুল হোসেন মোল্লা

৪। বিচারপতি মোঃ আখতারুজ্জামান